



DPSCD (ডিপিএসসিডি) পুনরায় চালু করার পরিকল্পনা

শরৎ ২০২১

কোনও প্রশ্ন আছে? info.reopen@detroitk12.org-এ যোগাযোগ করুন।

DPSCD (ডিপিএসসিডি) পুনরায় চালু করার পরিকল্পনা

সংক্ষিপ্ত বর্ণনা

DPSCD (ডেট্রয়েট পাবলিক স্কুলস কমিউনিটি ডিস্ট্রিক্ট) অন্যান্য স্কুল ডিস্ট্রিক্ট, সংস্থা এবং ব্যবসায়ের মতো, ২০২১ সালের শরতে কোভিড-১৯ মহামারীর সর্বোচ্চ মাত্রা থেকে বেরিয়ে এসে আরো স্বাভাবিক কার্যক্রম পুনরুদ্ধার এবং তাতে ফিরে যাওয়ার জন্য প্রস্তুত আছে। বিগত স্কুল বর্ষ চলাকালে আমরা আমাদের শিক্ষার্থীদের শিক্ষাদানের উপায় উদ্ভাবন ও উন্নত করার সময় সুরক্ষা বজায় রাখার উদ্দেশ্যে ডিস্ট্রিক্টের সফল প্রচেষ্টাগুলোয় শিক্ষার্থী, পরিবার, কর্মী, অংশীদার ও কমিউনিটির সদস্যরা অবদান রেখেছেন। এই শরতে, আমরা আমাদের কমিউনিটিকে সুরক্ষিত রাখার উদ্দেশ্যে পরিকল্পিত চলমান সুরক্ষা প্রটোকল ও সর্বোত্তম অনুশীলন প্রশমন ব্যবস্থাগুলো মেনে চলার পাশাপাশি প্রয়োজনীয় পরিসরে স্বশরীরে উপস্থিত হয়ে শিক্ষাদান ও শিখনে ফিরে যাওয়ার অপেক্ষায় আছি।

পুনরায় খোলার বিষয়ে ডিস্ট্রিক্টের সিদ্ধান্ত রোগ নিয়ন্ত্রণ কেন্দ্র, ডেট্রয়েট স্বাস্থ্য অধিদপ্তর এবং মিশিগান স্বাস্থ্য ও মানব সেবা অধিদপ্তরসহ স্থানীয় ও জাতীয় স্বাস্থ্যসেবা পেশাদারদের সুপারিশের ভিত্তিতে করা হয়েছে, যার সবগুলো ইঙ্গিত দিয়েছে যে স্বশরীরে উপস্থিত হয়ে নির্দেশনায় ফিরে আসা কেবল শিক্ষার্থীদের সর্বোত্তম স্বার্থে নয়, বরং যথাযথ সুরক্ষা প্রটোকল ব্যবহার করা হলে নিরাপদে করা যেতে পারে। চিকিৎসা পেশাদারদের সুপারিশ ছাড়াও, ডিস্ট্রিক্টের পুনরায় খোলার পরিকল্পনা স্থানীয় ও জাতীয় নেতাদের সাথে সামঞ্জস্যপূর্ণ, যার মধ্যে আমেরিকান ফেডারেশন অফ টিচার্স-এর নেতৃত্বও রয়েছে, যারা সবাই একমত যে শিক্ষার্থীদের নিরাপদে স্কুলে ফিরিয়ে আনা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

পটভূমি

২০২০ সালের শরতে কোভিড-১৯ মহামারীর সূচনার ফলে DPSCD এর শিক্ষার্থীদের কিভাবে শিক্ষাদান এবং তত্ত্বাবধান করছে তার মধ্যে উল্লেখযোগ্য ও তাৎক্ষণিক পরিবর্তন ঘটে। মাত্র কয়েক সপ্তাহের ব্যবধানে, DPSCD কানেস্টেড ফিউচারস উদ্যোগের জন্য ২৩ মিলিয়ন মার্কিন ডলার সংগ্রহ করতে বেসরকারি কর্পোরেশন, মানবসেবা সংস্থার সাথে সমন্বয় করে, যাতে আমরা আমাদের প্রতিটি শিক্ষার্থীর হাতে একটি ডিভাইস তুলে দিতে পারি তা নিশ্চিত হয়। শিক্ষার্থীরা যাতে ঘরে বসেই তাদের শিক্ষা কার্যক্রমে অ্যাক্সেস পায় সেজন্য পাঠ্যক্রম ও অনুশীলনগুলো অনলাইন প্ল্যাটফর্মে স্থানান্তর করতে আমাদের টিমগুলো অক্লান্ত পরিশ্রম করেছে, এবং আমাদের পরিবারিক ও কমিউনিটি সম্পৃক্ততা টিম এলাকা ও বাড়ি-বাড়ি গিয়ে পরিবারগুলোর সাথে সাক্ষাৎ, সহায়তা ও প্রশিক্ষণ প্রদান, এবং মহামারী সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য জানানোর উদ্দেশ্যে তাৎক্ষণিক ও ধারাবাহিক ক্যাম্পেইন পরিচালনা করেছে। স্কুল নিউট্রিশন অফিস DPSCD পরিবারগুলোর পাশাপাশি আমাদের কমিউনিটির যেসব মানুষের সহায়তার প্রয়োজন ছিল তাদের জন্য শহর জুড়ে খাদ্য বন্টন কেন্দ্র স্থাপন করেছে। এককথায়, আমাদের ডিস্ট্রিক্ট সমাধানের মাধ্যমে প্রতিটি চ্যালেঞ্জ মোকাবেলার জন্য অক্লান্ত পরিশ্রম করেছে।

২০২০ সালের শরতে শিক্ষার্থীরা যখন স্কুলে ফিরে আসে, তখন DPSCD, বাকি শহর, রাষ্ট্র ও দেশের মতোই, কমিউনিটিতে কোভিড-১৯ সংক্রমণের চড়াই-উৎরাই মোকাবেলা করার পাশাপাশি শিক্ষার্থীদের শিক্ষাদান এবং কর্মী নিয়োগ অব্যাহত রাখার প্রয়োজনের সাথে লড়াই করেছে। প্রয়োজন অনুসারে, ডিস্ট্রিক্ট প্রতিটি স্কুল সাইটে স্বশরীরে উপস্থিত হয়ে নির্দেশনা বিবর্তিত দিয়েছে যেখানে সংক্রমণ হয়েছে এবং সাইট জুড়ে কমিউনিটি সংক্রমণ হার এবং টিকাদান কভারেজের ঘাটতি স্বশরীরে উপস্থিত হয়ে কার্যক্রমের ঝুঁকি অত্যন্ত বৃদ্ধি করেছে। পুরো বছরে অনলাইন লার্নিং জোরদার করতে, ডিস্ট্রিক্ট শহর জুড়ে এক ডজনেরও বেশি প্রযুক্তি সহায়তা হাব শুরু করেছে যেখানে পরিবারগুলো প্রয়োজন হলেই, অনলাইন লার্নিং সাপোর্ট, টেকনোলজি হার্ডওয়্যার মেরামত বা ডিভাইস ধার পেতে পারে। প্রায় পুরো বছর জুড়ে স্বশরীরে উপস্থিত হয়ে নির্দেশনার কয়েকটি ধরনের মাধ্যমে পরিচালনা করার পরও, ডিস্ট্রিক্ট নিশ্চিত "প্রাদুর্ভাব" (একই স্কুল ভবনে দু'জন ব্যক্তির মধ্যে সংক্রমণের প্রমাণ) এর মাত্র ২০টি উদাহরণ দেখেছে।

কর্মী ইউনিয়নগুলোর সাথে ধারাবাহিক আলোচনা ও সহযোগিতার মাধ্যমে, ডিস্ট্রিক্ট কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে অতিরিক্ত ঝুঁকি ভাতা প্রদান, যেসকল কর্মী কোভিড-১৯ এর প্রভাব ভোগ করেছেন তাদের জন্য অতিরিক্ত ছুটির সুবিধা, এবং নিয়োগ বজায় রাখতে বন্টন ও দায়িত্বে সাময়িক সমন্বয়ের উদ্দেশ্যে বেশ কয়েকটি চুক্তি সম্পন্ন করেছে। অনেক সংস্থা ও ডিস্ট্রিক্ট কর্মী সংখ্যা হ্রাস বা কর্মী ছাঁটাই করতে বাধ্য হলেও, ডিস্ট্রিক্ট তার সকল কর্মীর জন্য নিরবচ্ছিন্ন নিয়োগ বজায় রেখেছে এবং শিক্ষার্থী ও পরিবারগুলোকে সহায়তা প্রদান অব্যাহত রাখার সময়ে তাদের ক্ষতিপূরণ দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছে।

শিক্ষার্থীদের উন্নতি। আমাদের সবার উন্নতি।

কমিউনিটিকে পুনরায় চালু করার সাথে সম্পৃক্ত করা

গত দেড় বছর ধরে, ডিস্ট্রিক্ট শিক্ষার্থী, পরিবার, কমিউনিটি সদস্য, এবং কর্মীদের সাথে সম্পৃক্ততা এবং যোগাযোগ বজায় রেখেছে যাতে আমাদের কার্যক্রম সম্পর্কে সর্বশেষ হালনাগাদ মতামত সংগ্রহ নিশ্চিত করা যায়। নিয়মিত টাউন হল, পারিবারিক জরিপ, নির্দিষ্ট বিষয় এবং শ্রোতাদের নিয়ে আয়োজিত সম্পৃক্ততা সেশন, সেই সাথে একটি নিবেদিত "অনলাইন লার্নিং টাঙ্ক ফোর্স" সব কিছু ২০২০-২০২১ স্কুলবর্ষ জুড়ে আমাদের দৃষ্টিভঙ্গি পরিমার্জন করতে সাহায্য করেছে এবং ২০২১-২০২২ এর জন্য আমাদের পুনরায় খোলা সম্পর্কে অবহিত করেছে।

২০২১ সালের শরতের জন্য ডিস্ট্রিক্ট-জুড়ে সুরক্ষামূলক পদক্ষেপসমূহ

ডিস্ট্রিক্ট ২০২১-২০২২ স্কুলবর্ষের জন্য স্কুলগুলো পুনরায় চালু করার পাশাপাশি, আগের মতোই DPSCD-র কোভিড-১৯ প্রশমন কৌশলের সবচেয়ে গুরুত্বপূর্ণ দিক হবে মৌলিক সুরক্ষা প্রতিশ্রুতিগুলো মেনে চলা, যার মধ্যে রয়েছেঃ

- স্কুলের ভেতরে থাকা অবস্থায় সকল শিক্ষার্থী, কর্মী, কন্ট্রাক্টর, দর্শনার্থী, মা-বাবা ও স্বেচ্ছাসেবকদের জন্য মাস্কের সঠিক ব্যবহার করা আবশ্যিক; বাইরে থাকা অবস্থায় মাস্ক ব্যবহার করা ঐচ্ছিক বিষয়*
- সকল কর্মী (এবং যেসকল শিক্ষার্থী একটি সম্মতি ফর্ম পূরণ করেছে তাদের জন্য) সাপ্তাহিক কোভিড-১৯ লাল পরীক্ষা
- আগস্ট ও সেপ্টেম্বরে প্রাথমিক রিপোর্টিং এর আগে "কাজে ফিরে আসা" লাল পরীক্ষা আবশ্যিক
- শারীরিক দূরত্ব (শিক্ষার্থীদের বসার জন্য ৩ফুট)
- হাত ধোয়া এবং হাঁচি কাশির শিষ্টাচার
- পরিচ্ছন্নতা এবং স্বাস্থ্যসম্মত সুযোগ-সুবিধা বজায় রাখা
- সব স্কুলে নিবেদিত নাসিং কর্মীর পাশাপাশি আইসোলেশন ও কোয়ারেন্টাইনের সমন্বয়ে যোগাযোগ সনাক্তকরণ
- সকল শিক্ষার্থী ও কর্মীদের জন্য দৈনিক উপসর্গ স্ক্রিনিং ও তাপমাত্রা পরীক্ষা

*কেন্দ্রীয় অফিসের যেসব জায়গায় শিক্ষার্থীদের উপস্থিতি নেই, সেখানকার কেন্দ্রীয় অফিস কর্মীরা টিকা না দিয়ে থাকলে তাদের অবশ্যই মাস্ক পরতে হবে। টিকা নিয়েছেন এমন যে কেউ মাস্ক পরিধানে স্বাচ্ছন্দ্য বোধ করলে পরতে পারেন।

এই সুরক্ষা ব্যবস্থা পুনর্বিবেচনা বা সংশোধন করা যেতে পারে যদি তথ্য নির্দেশ করে যে পরিবর্তন প্রয়োজনীয় এবং/অথবা ডিস্ট্রিক্টকে স্থানীয় স্বাস্থ্য কর্মকর্তা কর্তৃক অন্যান্য আদেশ বা আবশ্যিকতা মেনে চলার নির্দেশ দেওয়া হয়েছে।

কোভিড-১৯ এর বিরুদ্ধে আমাদের সর্বোচ্চ সুরক্ষা হিসেবে ভ্যাকসিনের প্রচার করা

ডেট্রয়েট স্বাস্থ্য অধিদপ্তরের সাথে ঘনিষ্ঠ সম্পর্কের মাধ্যমে, কোভিড-১৯ টিকায় প্রথম অ্যাক্সেস প্রাপ্ত কয়েকজনের মধ্যে আমাদের DPSCD কর্মীরা ছিল। চলমান প্রচারণা, স্কুল-কর্তৃক আয়োজিত টিকা ক্লিনিক, এবং কর্মীদের জন্য ৫০০ মিলিয়ন মার্কিন ডলারের টিকা প্রণোদনার মাধ্যমে, ডিস্ট্রিক্ট ২০২১ সালের জুলাইয়ের মধ্যেই এর ৭০% এর চেয়েও বেশি কর্মীর সম্পূর্ণ টিকাদান হারে পৌঁছেছে। ডিস্ট্রিক্ট কর্মীদের সাথে নিয়ে টিকার প্রচার করার পাশাপাশি, শিক্ষার্থী ও পরিবারগুলোর জন্য টিকাদান কার্যক্রম আয়োজনের উদ্দেশ্যে কমিউনিটি অংশীদারদের সাথে মিলে কাজ করছে এবং ২০২০-২০২১ স্কুল বছরে এটি করা অব্যাহত রাখবে কারণ কম বয়সী শিক্ষার্থীদের জন্য টিকা উপলভ্য হয়েছে।

ফেস মাস্ক

গবেষণায় দেখা গিয়েছে যে সঠিকভাবে মুখাবরণ/মাস্ক পরিধান কোভিড-১৯ এর বিস্তার প্রতিরোধে একটি গুরুত্বপূর্ণ পছন্দ হতে পারে। ২০২১-২০২২ স্কুল বছর শুরুর জন্য, স্কুল ভবনগুলোর ভেতরে থাকা সকল শিক্ষার্থী ও প্রাপ্তবয়স্কের জন্য মাস্ক আবশ্যিক করা হবে। বাইরে থাকা অবস্থায় মাস্ক ব্যবহার ঐচ্ছিক। কেন্দ্রীয় অফিসে শিক্ষার্থী নেই এমন জায়গার কেন্দ্রীয় অফিস কর্মীরা টিকা না নিয়ে থাকলে তাদের অবশ্যই মাস্ক পরতে হবে। ডিস্ট্রিক্ট সংক্রমণের হার এবং কমিউনিটিতে কোভিড-১৯ বিস্তারের যেকোনো প্রমাণ পর্যবেক্ষণ করার উদ্দেশ্যে স্থানীয় স্বাস্থ্য কর্তৃপক্ষের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করা অব্যাহত রাখবে। যদি এটি নির্ধারিত হয় যে সংক্রমণের

শিক্ষার্থীদের উন্নতি। আমাদের সবার উন্নতি।

হার বাড়তি সতর্কতার পূর্বাভাস দিচ্ছে, তাহলে কোনো স্কুল বা পুরো ডিস্ট্রিক্টের শিক্ষার্থী এবং কর্মীদের জন্য মাস্ক পরা আবশ্যিক করা হতে পারে, এমনকি তারা সম্পূর্ণ টিকা নিয়ে থাকলেও। কোভিড-১৯ সুরক্ষা তথ্যের নিয়মিত পর্যবেক্ষণের অংশ হিসেবে এই সিদ্ধান্তগুলো নেওয়া হবে।

সাপ্তাহিক লালা পরীক্ষা

ডিস্ট্রিক্ট সাপ্তাহিক কোভিড-১৯ লালা পরীক্ষা অব্যাহত রাখবে। টিকা গ্রহণের অবস্থা নির্বিশেষে, সকল কর্মীকে, প্রতি সপ্তাহে পরীক্ষা করানো আবশ্যিক এবং শিক্ষার্থীদের ক্ষেত্রে পরীক্ষা করানোকে অধিক উৎসাহিত করা হয়। প্রতিটি DPSCD স্কুল এবং কেন্দ্রীয় অফিস লোকেশনের সপ্তাহে একটি নির্দিষ্ট দিন আছে যেদিন তারা লালার নমুনা দিতে পারেন এবং নিশ্চিত করতে পারেন যে তারা কোভিড-মুক্ত আছেন। প্রতি সপ্তাহে প্রয়োজনীয় পরীক্ষা করা হচ্ছে কিনা সেটি দ্রুত দেখার জন্য প্রশাসকদের একটি নতুন করে তৈরী ড্যাশবোর্ডে অ্যাক্সেস রয়েছে।

তাপমাত্রা পরীক্ষার ক্রিয়াক

গত বছর, ডিস্ট্রিক্ট প্রতিটি স্কুলের জন্য তাপমাত্রা ক্রিয়াক সংগ্রহ ও স্থাপন করেছে, ক্রিয়াকগুলো শিক্ষার্থী, কর্মী বা দর্শনার্থীদের তাপমাত্রা নিতে ব্যবহৃত হয়। কর্মী বা শিক্ষার্থীদের তাপমাত্রা ১০০.৪ ডিগ্রি বা তার বেশি হলে ক্রিয়াক ও স্পর্শহীন থার্মোমিটারগুলো স্কুলকে সতর্ক করবে। ১০০.৪ ডিগ্রির বেশি তাপমাত্রা থাকা ব্যক্তিদের বাড়িতে পাঠানো হবে।

এয়ার পিউরিফায়ার

ডিস্ট্রিক্ট সব প্রয়োজনীয় বায়ু চলাচল ব্যবস্থার সুপারিশগুলো মেনে চলে, এরপরও কর্মীদের অনুরোধে এটি যেকোনো ক্লাসে বা অফিসে এয়ার পিউরিফায়ার সরবরাহ করেছে।

দৈনিক স্বাস্থ্য সংক্রান্ত প্রশ্নাবলী/উপসর্গ পরীক্ষা

ডিস্ট্রিক্ট কর্মীদের কাছ থেকে স্বশরীরে উপস্থিত হয়ে (একটি বেসিক ওয়েব ফর্মের মাধ্যমে) কাজে যোগ দেবার জন্য তাদের প্রস্তুতি সম্পর্কে দৈনিক তথ্য সংগ্রহ করতে একটি বৈদ্যুতিক টুলের ব্যবহার অব্যাহত রাখবে। উপসর্গ পরীক্ষা সম্পন্ন করা সকল কর্মীর জন্য আবশ্যিক। যদি কর্মীরা অ্যাপের কোনো উপসর্গ প্রশ্নের "হ্যাঁ" উত্তর দেয়, তাহলে তারা একটি বার্তা পাবে যা ইঙ্গিত করে যে তারা কাজে রিপোর্ট করবে না এবং উপযুক্ত চিকিৎসা গ্রহণ করবে (যদি না তাদের ফাইলে একটি নিশ্চিত ডাকসিন থাকে)। দৈনিক কাজের প্রস্তুতি (যেমন প্রস্তুত/প্রস্তুত নয়) সংক্রান্ত তথ্য একটি প্রশাসনিক ড্যাশবোর্ডের মাধ্যমে কেন্দ্রীয়ভাবে চালনা করা হবে। যে সকল কর্মী কাজের আগে জরিপটি ইলেকট্রনিক্যালি সম্পন্ন করতে পারবে না তাদের ডিস্ট্রিক্ট লোকেশনে পৌঁছানোর পর একই ধরনের চেকলিস্ট পূরণ করতে হবে।

শিক্ষার্থীদেরও স্কুলে পৌঁছানোর পরপরই দৈনিক উপসর্গ পরীক্ষা এবং তাপমাত্রা পরীক্ষা সম্পন্ন করতে হবে।

জরিপে নিচের প্রশ্নগুলো জিজ্ঞাস করা হয় (প্রয়োজন অনুযায়ী পরিবর্তনশীল জনস্বাস্থ্য নির্দেশনার সাথে সামঞ্জস্য রাখতে প্রশ্নগুলো সমন্বয় করা হতে পারে):

- আপনি কি কোভিড-১৯ রোগী টিকা সম্পূর্ণ গ্রহণ করেছেন? (হ্যাঁ/না)
- আপনি কি বর্তমানে জ্ঞাত পূর্ববিদ্যমান অবস্থার (যেমন হাঁপানি, এলাজি) সাথে সম্পর্কিত নয় এমন নিম্নলিখিত কোনো উপসর্গ অনুভব করছেন?
 - ঠাণ্ডা বা জ্বর
 - কাশি
 - শ্বাসকষ্ট বা শ্বাসপ্রশ্বাসে জটিলতা
 - অবসাদ/ক্লান্তি
 - পেশি বা শরীরে ব্যথা
 - মাথাব্যথা
 - নতুন করে স্বাদ বা গন্ধ না পাওয়া

শিক্ষার্থীদের উন্নতি। আমাদের সবার উন্নতি।

- জ. গলা ব্যথা
- ঝ. নাক বন্ধ বা নাক দিয়ে পানি পড়া
- ঞ. বমি বমি ভাব বা বমি হওয়া
- ট. ডায়রিয়া
- ঠ. আমার কোনো উপসর্গ দেখা দেয়নি

৩. আপনি কি এমন কারো ঘনিষ্ঠ সংস্পর্শে (৬ ফুট বা ১৫+ মিনিটের চেয়ে বেশি সময়ের মধ্যে) এসেছেন যার কোভিড-১৯ সনাক্ত করা হয়েছে বা কোভিড-১৯-র লক্ষণগুলো দেখা গিয়েছে? (হ্যাঁ/না)

কোভিড-১৯-এর বিরুদ্ধে সুরক্ষা প্রতিশ্রুতি

DPSCD শিক্ষার্থী, পরিবার, ও কর্মীদের স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করার উদ্দেশ্যে কঠোর নিরাপত্তা প্রটোকল তৈরি করেছে এবং মেনে চলবে। একটি স্কুল সেটিংয়ে, নিচের প্রতিশ্রুতিগুলো প্রত্যাশা রাখা হবে এবং নিয়মিত পর্যবেক্ষণ করা হবে:

শিক্ষার্থী ও কর্মীদের পরীক্ষা করা এবং তাদের উপসর্গ যাচাই করা

- কর্মীরা কোভিড-১৯ পরীক্ষা করিয়েছেন এবং নেগেটিভ রেজাল্ট জমা দিয়েছেন
- ডিস্ট্রিক্ট জবাবদিহিতা উপসর্গ চেকার এবং কোভিড টেস্ট ক্লিয়ারেন্স ড্যাশবোর্ড
- একাধিক প্রবেশ পথে তাপমাত্রা পরীক্ষাকেন্দ্রে স্থাপন করা হয়েছে
- উপসর্গ পরীক্ষা করার চিহ্ন ইন্সটল করা হয়েছে
- আইসোলেশন এলাকা নির্ধারণ করা হয়েছে এবং একটি কর্মী পরিকল্পনা করা হয়েছে
- প্রয়োজন মতো আইসোলেশন ও কোয়ারেন্টাইনে সাহায্য করার জন্য নিবেদিত নার্সিং সেবা
- নথিভুক্ত কোয়ারেন্টাইনের প্রমাণপত্র তৈরি করা হয়েছে

শ্রেণিকক্ষ, অফিস ও হলওয়ার কনফিগারেশন

- হাত ধোয়া, মাস্ক ও সামাজিক দূরত্বের চিহ্ন ইন্সটল করা হয়েছে
- সর্বাধিক ধারণক্ষমতার চিহ্ন স্কুল কর্মীদের দ্বারা প্রস্তুত এবং লাগানো হয়েছে
- অফিসে প্লেজিগ্লাস ইন্সটল করা হয়েছে
- ডেস্কগুলো ৩ ফুটের দূরত্বে করে রাখা হয়েছে
- প্রতিটি F2F শ্রেণিকক্ষে স্যানিটাইজার এবং ওয়াইপ উপলভ্য রয়েছে
- জানালাবিহীন শ্রেণিকক্ষ বা কেন্দ্রীয়ভাবে পরিচালিত ভেন্টিলেশন ব্যবহার করা হবে না

পরিষ্কার পরিচ্ছন্নতা

- অফিস, বাথরুম, আইসোলেশন এলাকা এবং শ্রেণিকক্ষ পরিষ্কারের জন্য চেকলিস্ট তৈরি করা হয়েছে
- প্রথম তিন মাসের জন্য পর্যাপ্ত পরিচ্ছন্নতা সামগ্রী উপলভ্য রয়েছে
- প্রাক-কিভারগার্টেন এবং মন্টেসরি ক্লাসরুমের ম্যানিপুলেটিভের পরিচ্ছন্নতা চেকলিস্ট যথাযথ আছে
- শ্রেণিকক্ষের প্রযুক্তি বিষয়ক সামগ্রীর জন্য পরিচ্ছন্নতার চেকলিস্ট
- তিন মাস অন্তর ফিল্টার পরিবর্তনসহ সুরক্ষামূলক রক্ষণাবেক্ষণ লগ ডিজাইন করা

যাতায়াত ব্যবস্থা

- বাস পরিষ্কারের জন্য চেকলিস্ট করা হয়েছে

প্রাত্যাহিক কাজকর্ম ও আচরণবিধি

- বিশদ শিক্ষাদান এবং সুরক্ষার জন্য প্রাত্যাহিক কাজকর্ম ও আচরণবিধি জোরদার করার জন্য অধ্যক্ষের একটি পরিকল্পনা রয়েছে
 - ভবনে প্রবেশ ও প্রস্থান
 - হাত ধোয়া
 - বাথরুমে যাওয়া
 - পানি নেওয়া (সরবরাহকৃত পানির বোতল)
 - ল্যাপটপসহ শ্রেণিকক্ষের উপকরণগুলো ব্যবহার করা
 - দুপুরের খাবার ও হালকা নাস্তা

শিক্ষার্থীদের উন্নতি। আমাদের সবার উন্নতি।

- প্রয়োজন অনুযায়ী পিপিই পরিধান করা
- হলওয়ায়েতে চলাচল ও স্থানান্তর

প্রশিক্ষণ

- প্রাক-পরিকল্পনায় ডেলিভারির জন্য কর্মী প্রশিক্ষণ
- ১ম দিনের ডেলিভারির জন্য শিক্ষার্থীদের প্রশিক্ষণ
- কাস্টোডিয়াল প্রশিক্ষণের প্রমাণ
- বাস ড্রাইভার প্রশিক্ষণের প্রমাণ
- শিক্ষার্থী এবং স্কুল কর্মীদের জন্য কোভিড-১৯ প্রশিক্ষণ সমাপ্তির ড্যাশবোর্ড

ভিডিও ব্যবস্থাপনা

অধ্যক্ষদের স্কুলের প্রপার্টিতে গ্রুপগুলোকে ছড়িয়ে ছিটিয়ে দেওয়ার পরিকল্পনা রয়েছেঃ

- ভর্তি প্রত্যাশী নতুন আগত পরিবারসমূহ
- নির্দেশনামূলক উপকরণ সংগ্রহকারী পরিবারসমূহ
- আবহাওয়া, বিনোদন (যেমন, বৃষ্টি হচ্ছে এবং ব্যক্তিদের ছাউনির নিচে জড়ো হওয়া) ইত্যাদি কারণে দল তৈরি হতে পারে

সুরক্ষা প্রতিশ্রুতিগুলো পর্যবেক্ষণ করা

স্কুল ভবনে সুরক্ষা প্রটোকলগুলো নিয়মিত নিরীক্ষণ করতে এবং স্কুলগুলোয় সুরক্ষা প্রটোকল মেনে নিয়মিত রিপোর্ট প্রদানের উদ্দেশ্যে ডিস্ট্রিক্ট একদল নিবেদিত ব্যক্তির প্রতি আস্থা রাখার চর্চা অব্যাহত রাখবে। এছাড়াও, পুনরায় চালু করার জন্য স্বাক্ষরিত চুক্তিপত্র অনুযায়ী, ডিস্ট্রিক্ট ও DFT শিক্ষা ও সুরক্ষামূলক চর্চাগুলো উন্নত করার উদ্দেশ্যে পুনরায় চালু করার সাথে জড়িত সমস্যাগুলো মেটাতে এবং পর্যালোচনা করতে স্কুল পুনরায় চালু করার বিষয়ে একটি যৌথ শ্রম-ব্যবস্থাপনা কমিটি (CSR) চলমান রাখবে। পুনরায় চালু করা সংক্রান্ত উদ্বেগগুলো নিবেদিত ইনবক্স info.reopen@detroit12.org-এর মাধ্যমে শেয়ার করা যাবে। এছাড়াও, কার্যক্রম (বিশেষ করে পরিচ্ছন্নতা, বাথরুম সাপ্লাই, ইত্যাদি) সংক্রান্ত যেকোনো প্রশ্ন বা উদ্বেগ ৩১৩-৫৭৮-৭০১৮ নম্বরে ফোন করে জমা দেওয়া যাবে।

শ্রেণিকক্ষের আকার

পুনরায় স্কুল চালু করার জন্য DFT-এর সাথে সম্পন্ন হওয়া চুক্তিপত্রের নির্দেশনা অনুযায়ী, ডিস্ট্রিক্ট ক্লাসের সাইজ নিচের টেবিলের লেভেলে রাখার জন্য সর্বাঙ্গিক চেষ্টা করবে। কোভিড-১৯ তহবিল ব্যবহার করে, ডিস্ট্রিক্ট ক্লাসের আকার হ্রাস করতে অতিরিক্ত শিক্ষক নিয়োগ করবে এবং নিচের লেভেলের চেয়ে উপরের শ্রেণিকক্ষের জন্য শিক্ষকদের ক্ষতিপূরণ দিতে বড় আকারের শ্রেণিকক্ষের বাজেট বৃদ্ধি করবে।

২০২১-২২ পুনরায় সম্পূর্ণভাবে খোলা স্কুলের ক্লাস সাইজের লক্ষ্যমাত্রা		
গ্রেড সীমা	স্ট্যান্ডার্ড	২০২১-২০২২
কিন্ডারগার্টেন গ্রেড-২	২৫	২২
৩-৫	৩০	২৫
৬-৮	৩৫	২৭
৯-১২	৩৫	৩০

শিক্ষার্থীদের উন্নতি। আমাদের সবার উন্নতি।

সুরক্ষা তথ্য ছক

স্কুল, ডিস্ট্রিক্ট-লেভেল এবং স্কুল-লেভেলের সুরক্ষা তথ্য ছক কিভাবে সর্বোত্তমভাবে পরিচালনা করা যায় সে সম্পর্কে অবহিত, তথ্য-চালিত সিদ্ধান্ত বিভিন্ন ফ্যাক্টর মূল্যায়ন করতে ব্যবহার করা হবে যা সুপারিন্টেন্ডেন্টকে নির্দিষ্ট স্বশরীরে উপস্থিত হয়ে কার্যক্রম থামাতে বা স্থগিত করার জন্য পর্যালোচনার সুপারিশ করতে পরিচালিত করতে পারে। তথ্য ছক ভবনের মধ্যে সুরক্ষা এবং বুকি মূল্যায়নের জন্য একটি পয়েন্ট-ভিত্তিক সিস্টেম ব্যবহার করে (যেমন সাপ্তাহিক লালা পরীক্ষা এবং সুরক্ষা নিরীক্ষার মাধ্যমে), পাশাপাশি ডিস্ট্রিক্ট, শহর এবং দক্ষিণ-পূর্ব মিশিগানের তিন প্রদেশের অঞ্চল জুড়ে ওয়েন, মাকম্ব ও ওকল্যান্ড কাউন্টিকে ঘিরে। প্রতি সপ্তাহে, ডিস্ট্রিক্ট মোট পয়েন্টের উপর ভিত্তি করে, যদি কার্যক্রম সম্পর্কে কোনো অতিরিক্ত পর্যালোচনা বা আলোচনার প্রয়োজন হয় তাহলে তা নির্ধারণ করতে তথ্য ছকের প্রাসঙ্গিক তথ্য পর্যালোচনা করে। দুটি তথ্য ছক নিচে অন্তর্ভুক্ত করা হয়েছে। যদি সুপারিন্টেন্ডেন্ট এবং বোর্ড নির্ধারণ করে যে সাম্প্রতিক তথ্যের উপর ভিত্তি করে কার্যক্রমের বিরতি বা স্থগিতাদেশ প্রয়োজন, তাহলে সেই বিরতির প্রত্যাশিত সময়কাল, শিক্ষার্থী এবং কর্মচারীরা কিভাবে সেই সময়ের মধ্যে কাজ করবে বলে প্রত্যাশা করা হচ্ছে, সেইসাথে যেকোনো অতিরিক্ত সুরক্ষা ব্যবস্থা গ্রহণের প্রয়োজন হতে পারে সে সম্পর্কে শিক্ষার্থী, পরিবার এবং কর্মীদের সাথে অতিরিক্ত তথ্য শেয়ার করা হবে।

যদি কোনো স্কুল অথবা অন্যান্য ডিস্ট্রিক্ট লোকেশনে কোভিড-১৯ এর পজিটিভ কেস সন্দেহ বা নিশ্চিত করা হয় তাহলে কী করা হবে? জনস্বাস্থ্য কর্মকর্তাদের কাছ থেকে তথ্য নিশ্চিত হওয়ার পর ডিস্ট্রিক্ট নিশ্চিত কেস সম্পর্কে সক্রিয় যোগাযোগ করতে প্রতিশ্রুতিবদ্ধ। সন্দেহজনক বা নিশ্চিত কেসের ক্ষেত্রে, ডিস্ট্রিক্ট নিম্নের প্রটোকল অনুসরণ করবেঃ

- পজিটিভ বা সন্দেহজনক কেস স্থানীয় জনস্বাস্থ্য অধিদপ্তরের মাধ্যমে নিশ্চিত করা হবে যারা সম্ভাব্য সংস্পর্শতার গুত্রের উপর ভিত্তি করে একটি সুপারিশকৃত পরবর্তী পদক্ষেপ তৈরীতে সহায়তা করবে।
- কর্মী এবং পরিবারগুলোকে অবহিত করা হবে যদি তারা বা কোনো শিক্ষার্থী একটি নিশ্চিত কেসের সাথে "ঘনিষ্ঠ যোগাযোগ" করে থাকে এবং সম্ভাব্য উপসর্গের জন্য স্ব-আইসোলেশন এবং পর্যবেক্ষণ করার নির্দেশ দেওয়া হতে পারে।
- আমরা এমন কর্মী এবং পরিবারকে অবহিত করার প্রতিশ্রুতিবদ্ধ যারা লোকেশনে (যেমন স্কুল, অধিদপ্তর, ইত্যাদি) ঘনিষ্ঠ সংস্পর্শে নেই যেখানে একটি কেস নিশ্চিত করা হয়েছে, এবং যদিও তাদের ঘনিষ্ঠ সংস্পর্শ হিসেবে চিহ্নিত করা হয়নি, তাদের উপসর্গের জন্য পর্যবেক্ষণ করা এবং স্বাভাবিকভাবে তাদের কাজ/শেখা চালিয়ে যাওয়া উচিত।

শিক্ষার্থীদের উন্নতি। আমাদের সবার উন্নতি।

ডিস্ট্রিক্টব্যাপী সুবক্ষা তথ্য ছক

	বিদ্যালয় - ০	নিম্ন মূল্য - ১	মধ্যম মূল্য - ২	বর্ধিত মূল্য - ৩	উচ্চ মূল্য - ৪	অতি উচ্চ মূল্য - ৫
কোভিড-১৯ স্ক্রিনিং কম্বোপ্যাক (DPSCD-সম্মত সামগ্রিক গড়)	১০০%	৮৫%-৯৯.৯%	৯০-৯৪.৯%	৮৫%-৮৯.৯%	৮০-৮৪.৯%	<৮০%
স্বাস্থ্যের হার (% পরিষ্কার -চেইনট পথের ৭ দিনের গড়)	সামান্য/সেই	<৫.০%	৫.০%-৭.৯%	৮.০%-৯.৯%	১০-১৪.৯%	>১৫%
স্বাস্থ্যের হার (% পরিষ্কার -এসএম/একপাত/নয়ক ৫ই ডিন-রয়েশ অঞ্চলের ৭ দিনের গড়)	সামান্য/সেই	<৫.০%	৫.০%-৭.৯%	৮.০%-৯.৯%	১০-১৪.৯%	>১৫%
স্বাস্থ্যের হার (% পরিষ্কার - DPSCD সম্মত পরীক্ষা)	সামান্য/সেই	<৫.০%	৫.০%-৭.৯%	৮.০%-৯.৯%	১০-১৪.৯%	>১৫%
টিকা কভারেজ (চেইনট পথের)	>৭০% টিকা কভারেজ	৫৫%-৭০% স্বাধীন টিকা কভারেজ	৪০%-৫৪% স্বাধীন টিকা কভারেজ	১৫%-৩৯% স্বাধীন টিকা কভারেজ	১০-১৪% স্বাধীন টিকা কভারেজ	<১০% স্বাধীন টিকা কভারেজ
টিকা কভারেজ (এসএম/একপাত/নয়ক ৫ই ডিন-রয়েশ অঞ্চলের গড়)	>৭০% টিকা কভারেজ	৫৫%-৭০% স্বাধীন টিকা কভারেজ	৪০%-৫৪% স্বাধীন টিকা কভারেজ	১৫%-৩৯% স্বাধীন টিকা কভারেজ	১০-১৪% স্বাধীন টিকা কভারেজ	<১০% স্বাধীন টিকা কভারেজ
টিকা কভারেজ (কনী - DPSCD)	>৭০% টিকা কভারেজ	৫৫%-৭০% টিকা কভারেজ	৪০%-৫৪% টিকা কভারেজ	১৫%-৩৯% স্বাধীন টিকা কভারেজ	১০-১৪% টিকা কভারেজ	<১০% টিকা কভারেজ
কোভিড-অস্বিক্ষিত ক্ষুদ্র (চেইনট পথের ৭-দিনের গড়)	<১ মুহূর্ত	১-৫.৯ মুহূর্ত	৬-১০.৯ মুহূর্ত	১১-১৫.৯ মুহূর্ত	১৬-২০.৯ মুহূর্ত	>২১ মুহূর্ত
কোভিড-১৯ রোগীর হারা পূর্ণ হাসপাতাল শয্যা (নিশিগার E-SE অঞ্চল)	<১% হাসপাতালের শয্যা কোভিড-১৯ রোগী হারা পূর্ণ	১%-১০% হাসপাতালের শয্যা কোভিড-১৯ রোগী হারা পূর্ণ	১০%-১৫% হাসপাতালের শয্যা কোভিড-১৯ রোগী হারা পূর্ণ	১৫%-২০% হাসপাতালের শয্যা কোভিড-১৯ রোগী হারা পূর্ণ	২০%-২৫% হাসপাতালের শয্যা কোভিড-১৯ রোগী হারা পূর্ণ	২৫%-১০০% হাসপাতালের শয্যা কোভিড-১৯ রোগী হারা পূর্ণ

সোর্স

কোড	সহায়ক পদক্ষেপ
০-২২	ডিস্ট্রিক্টের নিয়মিতভাবে কোভিড মুক্তা সতর্কতার সাথে কাজ করা (এক থেকে সাতটি স্বাধীন, স্ট্রীট বা কোয়ারেন্টাইনেশন বা সিডি অনুমতি*)
	সুশাসিতভাবেই মূল কোর্সের সাথে নিয়মিতভাবে নিম্ন ডিস্ট্রিক্ট বাসী বিকল্প বা স্থানীয় করার অর্থ পর্যালোচনা এক: কারো কোর্সের সুশাসিত করার সাথে:
৩০-৩১	• হাই স্কুল স্থানীয় উপস্থিত হবে পিতৃসহ
৩২-৩৩	• মিলন স্কুল স্থানীয় উপস্থিত হবে পিতৃসহ
৩৪-৩৫	• ইন্ডেন্টারিস্ট স্থানীয় উপস্থিত হবে পিতৃসহ
৩৬-৩৭	• বাড়ির পিতৃসহ পিতা (ES) স্থানীয় উপস্থিত হবে পিতৃসহ
৩৮-৩৯	• পিতা কেবল
৪০+	• ডিস্ট্রিক্টব্যাপী কার্যক্রম ও পরিবেশ (যেহা যত খাবার পরিবেশনসহ)

*যেকোনো সময়ে, স্ট্রীট এক/অথবা স্বাধীন স্থানীয় ডিস্ট্রিক্ট DPSCD-কে সাময়িকভাবে সেবা স্থগিত করতে অথবা কোনো কোনও ব্যক্তি করায় নির্দেশ দিতে পারে।



শিক্ষার্থীদের উন্নতি। আমাদের সবার উন্নতি।

স্কুল-বিশেষায়িত সুবক্ষা তথ্য ছক

	বিদ্যালয় - ০	মিক্স স্কুল - ১	মাধ্যম স্কুল - ২	বর্ধিত স্কুল - ৩	উচ্চ স্কুল - ৪	অতি উচ্চ স্কুল - ৫
শুধু বিশেষায়িত						
কোডিত শেফার্ড অগ্রিট কমিউনিটি (DPS-CCO - স্কুলের সাময়িক গড়)	১০০%	২৫%-২২.২%	২০-২৪.২%	৬৫%-৬৩.৩%	৬০-৬৪.২%	৫৬%
সংক্রমণের হার (৯ পরিচিত - (ডেইলি পথের ৭ দিনের গড়)	সামান্য/(নেই)	৫০.০%	৫০%-৭.২%	৬০%-২.২%	১০-১৪.২%	১৫%
সংক্রমণের হার (৯ পরিচিত - ওয়েন/ওকলাহো/ম্যাকস এই তিন-গ্রন্থ অঞ্চলের ৭ দিনের গড়)	সামান্য/(নেই)	৫০.০%	৫০%-৭.২%	৬০%-২.২%	১০-১৪.২%	১৫%
সংক্রমণের হার (৯ পরিচিত - স্কুলের সাময়িক পরীক্ষা)	সামান্য/(নেই)	৫০.০%	৫০%-৭.২%	৬০%-২.২%	১০-১৪.২%	১৫%
নির্দিষ্ট প্রাপ্তবয়স্ক (১ বা উত্তরিক সম্প্রদায়ের হারের মাধ্যমে স্কুল-ভিত্তিক সংক্রমণ)	নেই	১	২-৩	৩-৪	৫	৬+
টিকা কভারেজ (ডেইলি পথের)	>৭০% টিকা কভারেজ	৫৫%-৭০% স্থানীয় টিকা কভারেজ	৪০%-৫৫% স্থানীয় টিকা কভারেজ	২৫%-৩২% স্থানীয় টিকা কভারেজ	১০-২৪% স্থানীয় টিকা কভারেজ	<১০% স্থানীয় টিকা কভারেজ
টিকা কভারেজ (ওয়েন/ওকলাহো/ম্যাকস তিন-গ্রন্থ অঞ্চলের গড়)	>৭০% টিকা কভারেজ	৫৫%-৭০% স্থানীয় টিকা কভারেজ	৪০%-৫৫% স্থানীয় টিকা কভারেজ	২৫%-৩২% স্থানীয় টিকা কভারেজ	১০-২৪% স্থানীয় টিকা কভারেজ	<১০% স্থানীয় টিকা কভারেজ
টিকা কভারেজ (ডেইলি - DPS-CCO)	>৭০% টিকা কভারেজ	৫৫%-৭০% টিকা কভারেজ	৪০%-৫৫% টিকা কভারেজ	২৫%-৩২% স্থানীয় টিকা কভারেজ	১০-২৪% টিকা কভারেজ	<১০% টিকা কভারেজ
কোডিত-অগ্রিট স্কুল (ডেইলি পথের ৭-দিনের গড়)	<১ মৃত্যু	১-৫.২ মৃত্যু	৬-১০.২ মৃত্যু	১১-১৫.২ মৃত্যু	১৬-২০.২ মৃত্যু	>২১ মৃত্যু
কোডিত-১২ বোর্ডিংয়ের ঘাট পূর্ণ হাসপাতালের পথ (মিথিলাসের ৫-১৫ অঞ্চল)	<১% হাসপাতালের পথ (কোডিত-১২ মেথিলাস পূর্ণ)	১%-১০% হাসপাতালের পথ (কোডিত-১২ মেথিলাস পূর্ণ)	১০%-২৫% হাসপাতালের পথ (কোডিত-১২ মেথিলাস পূর্ণ)	২৫%-৫০% হাসপাতালের পথ (কোডিত-১২ মেথিলাস পূর্ণ)	৫০%-৭৫% হাসপাতালের পথ (কোডিত-১২ মেথিলাস পূর্ণ)	৭৫%-১০০% হাসপাতালের পথ (কোডিত-১২ মেথিলাস পূর্ণ)

কোড	সমস্যা/পদক্ষেপ
০-১৬	স্কুলের নির্দিষ্টভাবে কোডিত সুরক্ষা সতর্কতার সাথে কাজ করা (এক বেকআপ স্থানীয়, রাষ্ট্রীয় বা ফেডারেল অংশ বা বিধি অনুযায়ী)
	সুপারভাইজেন্ট স্কুল বোর্ডের কাছে নির্দেশিত বিধির নির্ধারিত স্কুল বা স্কুলে বিতরণ করা পর্যাপ্তভাবে এবং আরো সেরাভাবে সুপারিশ করতে পারেন:
৩০-৩৩	• স্বপ্নের উপস্থিত হলে শিক্ষার্থী
৩৪-৩৬	• স্বপ্নের শিখারীনের শিক্ষা (ESE) স্বপ্নের উপস্থিত হলে সেসাং সেবাশ্রম
৩৭-৩৯	• শিক্ষা কেন্দ্রের কার্যক্রম
৪০+	• অতিরিক্ত কার্যক্রম ও সেবাশ্রম (ছাত্র ছাত্র পথের পরিবেশনায়)

নোট

*কোনো সমস্যা, রাষ্ট্রীয় এনা/অন্য স্থানীয় হার/অধিকার DPS-CCO-কে সাময়িকভাবে সেনা স্থগিত করতে অথবা কোনো জায়েনা বন্ধ করার নির্দেশ দিতে পারে।



শিক্ষার্থীদের উন্নতি। আমাদের সবার উন্নতি।

DPSCD (ডিপিএসসিডি) পুনরায় চালু করার পরিকল্পনা

DPSCD ভার্চুয়াল স্কুল: ২০২১-২০২২ এর জন্য একটি নতুন বিকল্প

যদিও আমরা আশা করি যে বেশিরভাগ শিক্ষার্থী শরৎ পূর্ণকালীন স্কুলে ফিরে আসবে, তবে মহামারী থেকে যে মূল শিক্ষা পাওয়া গেল সেটা হলো কিছু শিক্ষার্থীর জন্য, ভার্চুয়াল শিক্ষা প্রচলিত ভৌত শেখার পরিবেশের একটি প্রয়োজনীয় বিকল্প হতে পারে। ২০২১-২০২২ সাল থেকে DPSCD কিভারগার্টেন থেকে গ্রেড ১২ শিক্ষার্থীদের জন্য একটি স্বতন্ত্র ভার্চুয়াল স্কুল পরিচালনা করবে। স্কুল স্ট্যান্ডার্ড কোর্সের একটি মেনু সরবরাহ করবে যা স্নাতকের আবশ্যকীয়তার দিকে পরিচালিত করে তবে IB, AP, দ্বৈত ভাষা ইত্যাদির মতো বিশেষ প্রোগ্রাম সরবরাহ করবে না। DPSCD ভার্চুয়াল স্কুল তার নিজস্ব নিবেদিত অধ্যক্ষ, শিক্ষক এবং সহায়তা কর্মীদের নিয়ে সজ্জিত হবে, এবং তার নিজস্ব স্কুল কোড ও নামের অধীনে গ্রেড ও ক্রেডিট ইস্যু করবে এবং এই বছরের অনলাইন লার্নিং টাস্ক ফোর্স কর্তৃক প্রদত্ত অনেক সুপারিশ বাস্তবায়ন করবে, যদি সেগুলো মিশিগানে ভার্চুয়াল লার্নিং নিয়ন্ত্রণ করে এমন নিয়ম অনুসারে অনুমোদিত হয়। ভার্চুয়াল স্কুলে ভর্তি হওয়া শিক্ষার্থীরা বছরের শুরুতে এবং দ্বিতীয় সেমিস্টারের আগে একবারে একটি সেমিস্টারের জন্য ভর্তি হতে পারবে। ভার্চুয়াল স্কুলের শিক্ষার্থীরা তাদের "হোম" স্কুলে এক স্কুল বর্ষ পর্যন্ত আসন বহাল রাখতে পারবে। DPSCD-তে নতুন শিক্ষার্থীরাও DPSCD ভার্চুয়াল স্কুলে ভর্তি হওয়ার যোগ্য হবে।

বিশেষায়িত প্রোগ্রামের জন্য মিশ্র শিক্ষা

ভার্চুয়াল স্কুলে প্রদান করা হবে না এমন বিশেষ প্রোগ্রামের শিক্ষার্থীদের জন্য, একটি মিশ্র বিকল্প উপলভ্য হতে পারে। DFT-র সাথে স্কুল পুনরায় খোলার জন্য আলোচনাকৃত চুক্তিপত্রের মাধ্যমে শিক্ষকরা যদি মিশ্র পদ্ধতিতে শিক্ষকতা করেন তাহলে অতিরিক্ত ক্ষতিপূরণ (প্রতি তিনমাসে ৫০০ মার্কিন ডলার) পাবেন। এটি দ্বৈত ভাষার প্রোগ্রামের শিক্ষার্থীদের জন্য অথবা IEP সহ শিক্ষার্থীদের জন্য একটি বিকল্প হতে পারে যাদের একটি নথিভুক্ত চিকিৎসা জনিত আবশ্যকতা রয়েছে যা তাদের স্বশরীরে স্কুলে যেতে বাধা দেয়। স্বতন্ত্র শিক্ষা পরিকল্পনা (IEP) এবং 504 Plan সহ শিক্ষার্থীরা যাদের ভার্চুয়াল সেটিং প্রয়োজন তাদের একটি IEP টিম মিটিংয়ের অনুরোধ করতে হবে যাতে শিক্ষার্থীর স্বতন্ত্র চাহিদা পূরণ করা যায় কিনা এবং ভার্চুয়াল সেটিংয়ে FAPE সরবরাহ করা যায় কিনা তা নির্ধারণ করা যায়। IEP সহ শিক্ষার্থীদের পরিবার যাদের ভার্চুয়াল শিক্ষা সম্পর্কে প্রশ্ন রয়েছে তাদের নিজ IEP টিম কেস ম্যানেজারের সাথে যোগাযোগ করতে হবে অথবা 313-873-7740 নম্বরে ব্যতিক্রমী শিক্ষার্থীদের শিক্ষা অফিসে কল করতে হবে।

শিক্ষার্থীদের উন্নতি। আমাদের সবার উন্নতি।

সংযুক্তি A: DFT শরৎ ২০২১ পুনরায় খোলার চুক্তিপত্র

ডেট্রয়েট পাবলিক স্কুলস কমিউনিটি ডিস্ট্রিক্ট ("ডিস্ট্রিক্ট")

এবং

ডেট্রয়েট শিক্ষক ফেডারেশন ("DFT") এর মধ্যবর্তী চুক্তি পত্র

২০২১-২২ স্কুল পুনরায় সম্পূর্ণভাবে খোলা

যেহেতু, পক্ষগণ অবিলম্বে সকল স্কুল পুনরায় সম্পূর্ণভাবে খোলার প্রয়োজনীয়তা এবং ডিস্ট্রিক্টের শিক্ষা পরিকল্পনার সম্প্রসারিত ধারাবাহিকতা, রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ সেবা কেন্দ্র ("CDC"), মিশিগান স্বাস্থ্য ও মানব সেবা অধিদপ্তর ("MDHHS") এবং মিশিগান শিক্ষা অধিদপ্তর ("MDE") কর্তৃক জারিকৃত কোভিড-১৯ নির্দেশিকার সাথে সামঞ্জস্য রেখে ডিস্ট্রিক্টের শিক্ষণ কর্মসূচী বাস্তবায়ন করার প্রয়োজনীয়তা স্বীকার করে,

যেহেতু, শিক্ষায় সমতা নিশ্চিত করতে, ডিস্ট্রিক্ট ও DFT সকল ডিস্ট্রিক্ট স্কুলব্যাপী স্বশরীরে উপস্থিত হয়ে শিক্ষার জন্য পরিবার/শিক্ষার্থীদের চাহিদা পূরণের প্রচেষ্টাকে অগ্রাধিকার দেবে,

যেহেতু, ডিস্ট্রিক্টের কিস্তারগার্টেন থেকে গ্রেড ১২ পর্যন্ত ভার্চুয়াল স্কুল প্রোগ্রামও একই সাথে ভার্চুয়াল ক্লাস সরবরাহ করবে যা শিক্ষকদের মাধ্যমে যুক্তিসঙ্গতভাবে বাস্তবায়ন করা যেতে পারে যারা শিক্ষার্থীদের শিক্ষার চাহিদা পূরণ করে এবং পরিবারগুলোর যেকোনো স্বাস্থ্য সংক্রান্ত উদ্বেগকে গুরুত্ব দেয়,

সেহেতু, ডেট্রয়েট শিক্ষক ফেডারেশন ("DFT") এবং ডেট্রয়েট পাবলিক স্কুলস কমিউনিটি ডিস্ট্রিক্ট ("ডিস্ট্রিক্ট") (সম্মিলিতভাবে "পক্ষগণ") ২০২১-২০২২ শিক্ষাবর্ষের জন্য নিম্নলিখিত বিষয়ে সম্মত আছেনঃ

1. DFT ও ডিস্ট্রিক্টের প্রতিনিধিরা স্বাস্থ্য ও সুরক্ষার আবশ্যিকীয়তা মেনে চলা নিশ্চিত করতে স্কুলে যৌথভাবে কাজ করা অব্যাহত রাখবেন। কোভিড-১৯ সম্পর্কিত ঝুঁকি বৃদ্ধির কারণে কঠোর আবশ্যিকীয়তা না থাকলে ২০২১-২০২২ স্কুলবর্ষের জন্য স্বাস্থ্য ও সুরক্ষার চলমান আবশ্যিকীয়তা বলবৎ থাকবে।
2. ডিস্ট্রিক্টের কোভিড-১৯ প্রশমন কৌশল স্কুল এবং অনুরূপ প্রতিষ্ঠানকে প্রদান করা সর্বশেষ আইনগতভাবে আবশ্যিক ফেডারেল, CDC এবং/অথবা স্টেট MDHHS আদেশ, পরামর্শ ও নির্দেশনা অনুযায়ী হবে। ডিস্ট্রিক্টের সুরক্ষা প্রতিশ্রুতির মধ্যে অন্তর্ভুক্ত থাকবেঃ
 - a) মাস্কের সার্বজনীন ও সঠিক ব্যবহারের আবশ্যিকীয়তা;
 - b) শারীরিক দূরত্ব (শিক্ষার্থীদের বসার ক্ষেত্রে ৩ফুট);
 - c) হাত ধোয়া এবং হ্যান্ড কাশির শিষ্টাচার;
 - d) পরিচ্ছন্নতা এবং স্বাস্থ্যকর ফ্যাসিলিটি বজায় রাখা;
 - e) আইসোলেশন ও কোয়ারেন্টাইনের সমন্বয়ে কন্টাক্ট ট্রেসিং;
 - f) বাধ্যতামূলক দৈনিক উপসর্গ স্ক্রিনিং ও তাপমাত্রা পরীক্ষা; এবং

- g) যতদূর সম্ভব এবং ন্যূনতম বিদ্বের মাধ্যমে, অধ্যক্ষগণ ডিস্ট্রিক্টের সামাজিক দূরত্বের মান বজায় রাখার জন্য প্রয়োজনীয় প্রতিটি গ্রেড লেভেলে ক্লাসরুম ব্যাপী শিক্ষার্থীদের সংখ্যার ভারসাম্য বজায় রাখবেন।

আইনগতভাবে আবশ্যিক ফেডারেল, CDC এবং/অথবা রাষ্ট্রীয় MDHHS আদেশ, সুপারিশ ও নির্দেশনা ব্যতীত স্কুল এবং অনুরূপ প্রতিষ্ঠানকে প্রদান করা স্বাস্থ্য ও সুরক্ষার আবশ্যিকীয়তার পরিবর্তন, অনুরোধ সাপেক্ষে, পক্ষগণ সম্মিলিতভাবে আলোচনা করবে।

- আবশ্যিক "কাজে ফিরে আসা" পরীক্ষা ছাড়াও, ডিস্ট্রিক্ট ২০২১-২২ স্কুল বর্ষে সাপ্তাহিক কোভিড-১৯ পরীক্ষা পর্যবেক্ষণ কর্মসূচি বাস্তবায়ন অব্যাহত রাখবে। ডিস্ট্রিক্টের পর্যবেক্ষণ কর্মসূচিতে DFT দলভুক্ত ইউনিটের সদস্যদের অংশগ্রহণ সকল DFT ইউনিট সদস্যদের জন্য বিনামূল্যে হবে। শিক্ষার্থীদের সাপ্তাহিক পরীক্ষা চলমান থাকবে এবং ২০২১-২২ স্কুল বর্ষের শেষ পর্যন্ত স্কুলে চলবে।
- ডিস্ট্রিক্ট কর্মচারী, শিক্ষার্থী ও পরিবারকে কোনো আর্থিক ব্যয় ছাড়াই কোভিড-১৯ ভ্যাকসিনের অব্যাহত সুযোগ প্রদানের জন্য কমিউনিটি অংশীদার, জনস্বাস্থ্য সংস্থা এবং অন্যান্য সরকারী ও বেসরকারী সংস্থার সাথে কাজ করা অব্যাহত রাখবে।
- যদি DFT দলভুক্ত ইউনিটের কোনো সদস্য রুম কনফিগারেশন বা ক্লাসের আকার সম্পর্কিত স্বাস্থ্য ও সুরক্ষার আবশ্যিকীয়তার পরিপালনে ব্যত্যয় দেখেন তাহলে তিনি অধ্যক্ষকে অবহিত করবেন যিনি অবিলম্বে পরিপালনের ব্যত্যয় প্রতিকার করবেন। যদি অধ্যক্ষ পরিপালনের ব্যত্যয় প্রতিকার করতে সক্ষম না হন তাহলে তিনি অবিলম্বে দ্রুত প্রতিকারের জন্য উপযুক্ত ডিস্ট্রিক্ট অফিস বা ডিপার্টমেন্টে পরিপালনের ব্যত্যয়ের কথা রিপোর্ট করবেন।
- ডিস্ট্রিক্ট নিম্নলিখিত টেবিলে নির্ধারিত মাত্রায় স্বশরীরে উপস্থিত হওয়া ক্লাসের আকার বজায় রাখার জন্য ডিস্ট্রিক্টের স্তরীকৃত কোভিড-১৯ প্রশমন কৌশল মেনে সর্বাঙ্গিক যুক্তিসঙ্গত প্রচেষ্টা করবে। কোভিড-১৯ তহবিল ব্যবহার করে, ডিস্ট্রিক্ট জুড়ে ক্লাসের সাইজ ছোট করতে আরো সহায়তার জন্য ডিস্ট্রিক্ট অতিরিক্ত শিক্ষক নিয়োগ করবে। ডিস্ট্রিক্ট প্রতি সেমিস্টারে, তার অতিরিক্ত আকারের ক্লাসরুম বাজেট বৃদ্ধি করবে, এবং ২০২১-২২ সালের ক্লাসের সাইজের লেভেল উপরের যেকোনো ক্লাসের জন্য নিম্নলিখিতভাবে ক্ষতিপূরণ দেবেঃ

২০২১-২২ স্কুল পুনরায় সম্পূর্ণভাবে খোলার সংশোধিত ক্লাস সাইজ		
গ্রেড সীমা	স্ট্যান্ডার্ড	২০২১- ২২
কিন্ডারগার্টেন গ্রেড-২	২৫	২২
৩-৫	৩০	২৫
৬-৮	৩৫	২৭
৯-১২	৩৫	৩০

- DFT দলভুক্ত ইউনিটের সদস্যরা যারা ২০২১-২২ শিক্ষাবর্ষের জন্য প্রধানত বা সম্পূর্ণভাবে স্বশরীরে উপস্থিত হয়ে, সামনাসামনি তাদের কাজের দায়িত্ব পালন করেন, তারা ৩০ জুন,

২০২২ এর মধ্যে সম্পূর্ণ করা প্রতিটি ত্রৈমাসিক মার্কিং সময়ের জন্য ৫০০ মার্কিন ডলার কোভিড-১৯ সম্পূর্ণক পাবেন। ত্রৈমাসিক অর্থ একটি পৃথক পে অ্যাডভাইসের মাধ্যমে প্রতি একাডেমিক ত্রৈমাসিক শেষ হওয়ার দুই সপ্তাহ থেকে ৩০ জুন, ২০২২ পর্যন্ত মোট ২০০০ মার্কিন ডলার প্রদান করা হবে। ডিস্ট্রিক্ট সম্পূর্ণক অর্থের পুরো পরিমাণ প্রতি ত্রৈমাসিকে যেই ফ্যাসিলিটিটে ইউনিট সদস্যরা সেবা প্রদান করেছেন তার সাময়িক, বর্ধিত, বা বিস্তৃত বন্ধ নির্বিশেষে প্রদান করবে।

8. দলভুক্ত ইউনিটের সদস্যরা যারা একই সাথে প্রতিটি ত্রৈমাসিক মার্কিং পিরিয়ড জুড়ে শিক্ষার্থীদের মিশ্রিত, স্বশরীরে উপস্থিত হয়ে, সামান্যসামান্য এবং ভার্চুয়াল শিক্ষাদান সেবা প্রদান করেন তারা প্রতি ত্রৈমাসিক মার্কিং সময়কালের জন্য ৫০০ মার্কিন ডলার কোভিড-১৯ সাপ্লিমেন্ট পাবেন যা তারা ৩০ জুন, ২০২২ এর মধ্যে সম্পূর্ণ করেছেন। ত্রৈমাসিক অর্থ একটি পৃথক পে অ্যাডভাইসের মাধ্যমে প্রতি একাডেমিক ত্রৈমাসিক শেষ হওয়ার দুই সপ্তাহ থেকে ৩০ জুন, ২০২২ পর্যন্ত মোট ২০০০ মার্কিন ডলারে প্রদান করা হবে। ডিস্ট্রিক্ট সম্পূর্ণক অর্থের পুরো পরিমাণ প্রতি ত্রৈমাসিকে যেই ফ্যাসিলিটিটে ইউনিট সদস্যরা সেবা প্রদান করেছেন তার সাময়িক, বর্ধিত, বা বিস্তৃত বন্ধ নির্বিশেষে প্রদান করবে। মিশ্রিত বা দ্বৈত পদ্ধতিতে (একই সাথে) সেবা প্রদান করা ইউনিট সদস্য এবং অধ্যক্ষের মধ্যে পারস্পরিক সম্মতি সাপেক্ষে হবে।
9. পক্ষগণ ঘোঁড়াভাবে স্কুল পুনরায় খোলার ব্যাপারে শ্রম-ব্যবস্থাপনা কমিটি ("CSR") সভা পরিচালনা অব্যাহত রাখবে যা ডিস্ট্রিক্ট কর্তৃক নিযুক্ত তিনজন ব্যক্তি এবং DFT কর্তৃক নিযুক্ত তিনজন ব্যক্তিকে নিয়ে গঠিত হবে। পারস্পরিক সম্মতির মাধ্যমে CSR-এ আরো ব্যক্তি যুক্ত হতে পারেন। শিক্ষাগত ও সুরক্ষা পদ্ধতি উন্নত করার পারস্পরিক উদ্দেশ্য নিয়ে সমস্যা ও উদ্বেগ পর্যালোচনা করার জন্য CSR সাপ্তাহিক বৈঠক অব্যাহত রাখবে। অন্যান্য বিষয়ের মধ্যে, CSR তিন-প্রদেশ (ওয়েন, ওকল্যান্ড ও মাকম্ব কাউন্টি) কোভিড-১৯-এর ডাটা পর্যালোচনা অব্যাহত রাখবে এবং স্বাস্থ্য কর্মকর্তা, কমিউনিটি গ্রুপ এবং অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে পর্যালোচনা ও বিবেচনা করা প্রয়োজন এমন ডাটা নির্ধারণের জন্য, সেই সাথে ডাটা ব্যাখ্যার কাঠামো তৈরির কাজ করবে। উপযুক্ত ক্ষেত্রে CSR প্রয়োজন অনুযায়ী সুপারিন্টেন্ডেন্ট ও ডিস্ট্রিক্টের শিক্ষা বোর্ডের কাছে শিক্ষাগত ও সুরক্ষা পদ্ধতি উন্নত করার জন্য পরামর্শ দেওয়া অব্যাহত রাখবে। CSR প্রতিষ্ঠা এবং এর কার্যক্রম উভয় পক্ষের সম্মিলিত আলোচনার আওতাধীন বিষয় সম্পর্কিত সরল বিশ্বাসে আলোচনার বাধ্যবাধকতা প্রতিস্থাপন করে না।
10. ডিস্ট্রিক্ট কোভিড-১৯ সম্পর্কিত বেশ কয়েকটি বিষয় বিবেচনা করে ডিস্ট্রিক্ট এবং প্রতিটি স্কুল লেভেলে সুপারিশকৃত স্বশরীরে উপস্থিত হয়ে শিক্ষা কার্যক্রম স্থগিতাদেশ বা বিরতির প্রয়োজনীয়তা মূল্যায়নের জন্য একটি সুরক্ষা তথ্য ছক বাস্তবায়ন করবে যার মধ্যে রয়েছে: অঞ্চলে টিকাদানের হার, DPSCD-র লোকেশনে ডিস্ট্রিক্টের সাপ্তাহিক লালা পরীক্ষা কর্মসূচি থেকে স্থানীয় পরীক্ষার তথ্য, সেইসাথে শহর এবং তিন প্রদেশের অঞ্চলে সংক্রমণের হার এবং অন্যান্য ডাটা পয়েন্ট।
11. DFT দলভুক্ত ইউনিটের সদস্যরা কোভিড-১৯ কাজের পরিবেশে শিক্ষার্থীদের উচ্চ মানের নির্দেশনা নিরাপদে সরবরাহের জন্য সর্বোত্তম পদ্ধতি এবং সুরক্ষা সতর্কতার উপর বাধ্যতামূলক রিফ্রেশার প্রশিক্ষণ পাবেন।

12. DFT দলভুক্ত ইউনিটের সদস্যদের CDC ও OSHA নির্দেশিকা অনুসারে এবং অনুরোধ সাপেক্ষে PPE (সুরক্ষামূলক গাউন, ফেস মাস্ক, মুখাবরণ, জুতা কভার ও গ্লাভস) সরবরাহ করা হবে।
13. যে সব জায়গায় প্রতিটি অংশগ্রহণকারীর মধ্যে তিন (৩) ফুট বা তার বেশি শারীরিক দূরত্ব বজায় রাখা যেতে পারে, সেখানে অংশগ্রহণকারীদের সাথে ডিসট্রিক্টের স্বাস্থ্য ও সুরক্ষা প্রটোকল অনুযায়ী, যতক্ষণ পর্যন্ত সকল সুরক্ষা প্রোটোকল, যেমন সামাজিক দূরত্বের আবশ্যিকীয়তা এবং PPE পূরণ করা হয়, সেখানে স্বশরীরে উপস্থিত হয়ে বৈঠক হতে পারে।
14. DFT দলভুক্ত ইউনিটের সদস্যরা কোভিড-১৯ সম্পর্কিত অসুবিধার সম্মুখীন হলে তাদের পরিবার ও চিকিৎসা ছুটি আইন এবং/অথবা প্রতিবন্ধী আমেরিকানদের আইনের মাধ্যমে ছুটি বা যুক্তিসঙ্গত বাসস্থানের জন্য আবেদন করতে উৎসাহিত করা হয়।
15. যেকোনো DFT দলভুক্ত ইউনিটের সদস্য যিনি স্বশরীরে উপস্থিত হয়ে কাজ করেন এবং স্বশরীরে উপস্থিত হয়ে শিক্ষা কার্যক্রম সম্পাদনের কারণে ২০২১-২২ স্কুল বর্ষে কোভিড-১৯ আক্রান্ত হলে, তিনি পূর্ণ মজুরিসহ অসুস্থতা ছুটি গ্রহণের অধিকারী হবেন, তার অসুস্থতা ব্যাংক সময়ের কোনো ক্ষতি ছাড়াই, যতক্ষণ না তিনি স্বশরীরে উপস্থিত হয়ে অথবা অনলাইনে/দূরবর্তীভাবে কাজে ফিরে আসার জন্য চিকিৎসাগতভাবে ছাড়পত্র পান। চিকিৎসাগত ছাড়পত্রে ইউনিট সদস্যের চিকিৎসাকারী চিকিৎসকের(গণ) মন্তব্য থাকবে।
16. যদি DFT দলভুক্ত ইউনিটের কোনো সদস্যকে সম্ভাব্য বা প্রকৃত কোভিড-১৯ সংস্পর্শতার কারণে ডিস্ট্রিক্ট কর্তৃক স্বশরীরে উপস্থিত হবার দায়িত্ব থেকে স্ব-কোয়ারেন্টাইনে বাড়িতে পাঠানো হয় এবং উপসর্গ দূর হয়, তবে সদস্য শিক্ষার্থীদের শিক্ষার ধারাবাহিকতা নিশ্চিত করার জন্য দূর থেকে নির্দেশনা প্রদান করবেন।
17. বায়ু চলাচল ব্যবস্থার সুপারিশ ডিস্ট্রিক্ট কর্তৃক পরিপালন সন্তোষ এবং কর্মীদের স্বশরীরে উপস্থিত হয়ে কাজে ফিরে আসার জন্য অতিরিক্ত মানসিক শান্তি প্রদানের জন্য, যেকোনো ইউনিট সদস্য তার ক্লাসরুম বা অফিসের জন্য ইমেইল করে একটি ফ্যান বা এয়ার পিউরিফায়ারের জন্য অনুরোধ করতে পারেনঃ info.reopen@detroit12.org। এই ধরনের অনুরোধ ডিস্ট্রিক্ট কর্তৃক অবিলম্বে পূরণ করা হবে।
18. স্কুলে কোভিড-১৯ সম্পর্কিত সুরক্ষা থেকে উদ্ভূত সমস্যা সমাধানের জন্য সম্মিলিতভাবে আলোচনা করার জন্য পক্ষগণ প্রয়োজন অনুযায়ী সভা এবং CSR-এর সাথে পরামর্শ অব্যাহত রাখবে। স্কুলে কোভিড-১৯ সম্পর্কিত সুরক্ষা উন্নত করার পারস্পরিক উদ্দেশ্যে এই জাতীয় সিদ্ধান্ত নিশ্চিত করার জন্য পক্ষগণ একটি পৃথক চুক্তিপত্র সম্পাদন করতে পারে। এছাড়াও, যদি কোভিড-১৯ কেস বৃদ্ধির ফলে ডেট্রয়েট পাবলিক স্কুলস কমিউনিটি ডিস্ট্রিক্ট সম্পূর্ণ বা আংশিকভাবে বন্ধ হয়, তবে পক্ষগণ যত তাড়াতাড়ি সম্ভব এই ধরনের বন্ধের প্রভাব এবং কিভাবে অনলাইনে/দূরবর্তীভাবে নির্দেশনা এবং অন্যান্য শিক্ষার্থী পরিষেবা চালিয়ে যেতে হবে তা নিয়ে সম্মিলিতভাবে আলোচনা করতে মিলিত হবে।
19. ডিস্ট্রিক্টের দীর্ঘ বন্ধে যেতে হলে এবং ইউনিটের সদস্যরা স্বশরীরে উপস্থিত হয়ে, সামনাসামনি কাজের দায়িত্বে ফিরে যেতে অক্ষম হলে এবং কেবল টেলিযোগাযোগ করতে পারলে, সেক্ষেত্রেও এই চুক্তিপত্রে উল্লিখিত সম্পূর্ণ ক্ষতিপূরণ সম্পূর্ণভাবে প্রদান করা হবে।
20. উভয় পক্ষের অনুরোধে, ডিস্ট্রিক্ট ও DFT সম্মিলিতভাবে সরল বিশ্বাসে কোভিড-১৯ সম্পর্কিত

অন্য যেকোনো বিষয়ে আলোচনা করবে, যা ২০২১-২২ স্কুল বর্ষে উত্থাপিত হয়, তবে যা চুক্তিপত্র অথবা সম্মিলিত আলোচনার চুক্তিতে নির্দিষ্টভাবে সমাধান করা হয়নি।

21. এই চুক্তিপত্রের মেয়াদ ৩০ জুন, ২০২২ শেষ হবে।
22. এই চুক্তিপত্রের বৈধতা, ব্যাখ্যা এবং কর্মক্ষমতা সকল ক্ষেত্রে প্রযোজ্য ফেডারেল এবং স্টেট আইন, বিধিমালা এবং আদালতের রায় দ্বারা পরিচালিত হবে।
23. এই চুক্তিপত্রের কোনো কিছুই উভয় পক্ষের মধ্যে সম্মিলিত আলোচনা চুক্তির কোনো বিধি মওকুফ, সংশোধন, বাতিল বা রহিত করবে না অথবা গণ্য করা হবে না। এই চুক্তিপত্রের বিধির ব্যাখ্যা, প্রয়োগ অথবা বলবৎ সম্পর্কিত বিরোধ আমেরিকান আরবিট্রেশন অ্যাসোসিয়েশনের নিয়ম ও পদ্ধতির অধীনে চূড়ান্ত ও বাধ্যতামূলক দ্রুত সালিশির আওতাধীন এবং মাধ্যমে সমাধান করা হবে।

অতএব, নিচে প্রতিনিধিদের স্বাক্ষর দ্বারা, পক্ষগণ উপরে বর্ণিত চুক্তিপত্রের শর্তাবলীতে সম্মত হন।

DFT-এর পক্ষে:

ডাস্ট্রিক্টের পক্ষে:

স্বাক্ষর এবং ডিডায়নাম সম্পর্কিত ১৪ জুলাই, ২০২১ ১৬:০৬:৫৩

স্বাক্ষর

১৪ জুলাই, ২০২১
তারখ

নুটন সেরানো ১৪ জুলাই, ২০২১ ০৯:৫৯:৫৩

স্বাক্ষর

১৫ জুলাই, ২০২১
তারখ

অনুমোদিত:

চেরেল মার্টিন ১৪ জুলাই, ২০২১ ১৬:০৬:৫৩
চেরেল মার্টিন, সভাপতি, ডেট্রয়েট শিক্ষক ফেডারেশন

অনুমোদিত:

নিকোলাই পি. ডিট্রি, ডক্টর অব এডুকেশন, জেনারেল সুপারটেন্ডেন্ট